



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা] জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান :

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭



॥ প্রেস বিজ্ঞপ্তি ॥

পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) ১৪৪২ হিজরী উদযাপন উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশন আয়োজিত পঞ্চকালব্যাপী অনুষ্ঠানমালার সমাপনী অনুষ্ঠান ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠিত

মহানবী হযরত মুহাম্মদ (সা) এই পৃথিবীতে এসেছিলেন

মানবজাতির অন্ধকার দূর করতে-ধর্মসচিব

ঢাকা, রবিবার, ১৫ নভেম্বর ২০২০

ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের সচিব মোঃ নূরুল ইসলাম পিএইচ.ডি বলেছেন, মহানবী হযরত মুহাম্মদ (সা) এই পৃথিবীতে এসেছিলেন মানবজাতির অন্ধকার দূর করতে। জগতে আলো ছড়িয়ে সকল অন্ধকারকে জয় করতেই মহান আল্লাহ তাকে প্রেরণ করেছিলেন। আজ (১৫ নভেম্বর, রবিবার) সকাল ১১ টায় ইসলামিক ফাউন্ডেশন আগারগাঁওস্থ ইমাম প্রশিক্ষণ একাডেমির মিলনায়তনে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা) উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানমালার সমাপনী অনুষ্ঠান ও ইসলামি সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, রাসূল (সা) ধর্ম, সমাজ, ইসলাম ও মানবজীবনের পূর্ণতা দান করে গেছেন। তাঁর উম্মত হিসেবে আমাদের তাঁর দেখানো জীবনাচরণ ও আদর্শ মেনে চলতে হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরসের গভর্নর ড. মাওলানা মুহাম্মদ কাফীলুদ্দীন সরকার বলেন, মহানবীর জীবনাচরণ যাতে আমরা সবসময় ধারণ করতে পারি সেই লক্ষ্যেই ইসলামিক ফাউন্ডেশন প্রতি বছর পবিত্র ঈদে মিলাদুন্নবী উপলক্ষে বিভিন্ন অনুষ্ঠানমালার আয়োজন করে থাকে। ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরসের গভর্নর আল্লামা মুফতি রুহুল আমীন বলেন, আমরা সমাজের প্রতিটি ক্ষেত্রে সফলতার আলোয় আলোকিত হব যখন আমরা মহানবীর জীবনাচরণ ও আদর্শ ধারণ করতে পারব। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক আনিস মাহমুদ।

অনুষ্ঠান শেষে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা) উপলক্ষে আয়োজিত ইসলামি সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন অতিথিবৃন্দ। অনলাইনভিত্তিক এ সাংস্কৃতিক প্রতিযোগিতায় চারটি বিভাগ থেকে মোট ১৫ জন প্রতিযোগিকে পুরস্কৃত করা হয়। প্রতিযোগিতায় প্রায় ২ শতাধিক প্রতিযোগি অংশগ্রহণ করে। অনুষ্ঠান শেষে দোয়া ও মুনাজাত করেন ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরসের গভর্নর আল্লামা মুফতি রুহুল আমীন।

স্বাক্ষরিত

শায়লা শারমীন

সহকারি জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ফোন ০১৫৫-৩৫৩৬২৭৬